



Celebrating the 44th death anniversary of *Bangabondhu Sheikh Mujibur Rahman* the Father of the Nation.



Date : 15th August 2019



Organized By : SYEDPUR HASSAN-SHAHINUR ACADEMY
BOALKHALI, CHATTOGRAM



আজ ১৫ই আগস্ট, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদাত বার্ষিকী। ১৯৭৫ সালের এদিনে সেনাবাহিনীর কিছু সংখ্যক বিপদগামী সদস্য আন্তর্জাতিক ষড়যন্ত্রের অংশ হিসেবে বঙ্গবন্ধুকে স্বপরিবারে হত্যা করে। উক্ত দিবসটি পালন উপলক্ষে সৈয়দপুর হাসান-শাহীনের একাডেমী, বোয়ালখালী, চট্টগ্রামের উদ্যোগে একাডেমী প্রাঙ্গনে মাননীয় অধ্যক্ষ মহোদয়ের নির্দেশনায় সকল শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্র-ছাত্রীদের সমন্বয়ে ব্যাপক কর্মসূচীর আয়োজন করা হয়। উক্ত কর্মসূচীর মধ্যে বিভিন্ন ক্যাটাগরীতে ছাত্র-ছাত্রীদের অংশ গ্রহনে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এরপর একাডেমীর মাননীয় অধ্যক্ষ প্রফেসর ফেরদৌস আহমেদ এর সভাপতিত্বে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী পর্ব অনুষ্ঠিত হয়। আলোচনায় মাননীয় অধ্যক্ষ ও শিক্ষকবৃন্দের পক্ষ থেকে জনাব শামসুদ্দিন আহমেদ, জনাব নুরুল আজিম, জনাবা তাজরীন আহমেদ নিপু এবং প্রতিষ্ঠানের প্রশাসনিক কর্মকর্তা জনাব মোহাম্মদ ইকবাল হোসেন বঙ্গবন্ধুর সংগ্রামী জীবন নির্ভর বক্তব্য রাখেন। পরিশেষে দোয়া ও মিলাদ মাহাফিলের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।